


স্থানীয় সেবাদানকারীদের ১-দিনের প্রশিক্ষণঃ এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্প


ফ্লিপ চার্ট

সেশন-১ঃ এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্পর পরিচিতি



সিসা - যান্ত্রিকীকরণ ও সেচ প্রকল্প
সিমিট বাংলাদেশ

এক্সিয়েল ফ্লো পাম্পের বৈশিষ্ট্য







- এক্সিয়েল ফ্লো পাম্প হলো প্রপেলার ও শ্যাফট সম্বলিত এমএস পাইপ যা ডিজেল ইঞ্জিন বা বিদ্যুৎ চালিত মোটর থেকে আহরিত শক্তির মাধ্যমে পানি উত্তোলন করে।
- মিক্সড ফ্লো পাম্পের ইম্পেলার পাইপের চেয়ে অনেক বড় আকারের হয় যা পানি উত্তোলনে অতিরিক্ত শক্তি যোগায়।
- এক্সিয়েল ফ্লো পাম্প উদ্ভাবন করেন একজন প্রগতিশীল কৃষক।
- ১৯৬০ এর দশকে ভিয়েতনাম ও থাইল্যান্ডে এটির উন্নয়ন কাজকর্মের হদীস পাওয়া যায়।
- বর্তমানে এটি দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্বত্র ব্যবহৃত হচ্ছে।
- উভয় পাম্পই “প্রপেলার পাম্প” হিসেবেও সমধিক পরিচিত কারণ এর “ইম্পেলার” নৌকার প্রপেলারের মত কাজ করে।
- এক্সিয়েল ফ্লো পাম্প চালনার জন্য এর নিজস্ব কোন শক্তির উৎস নেইতাই এটা চালানোর জন্য ১২ বা ১৬ হর্স পাওয়ার বিশিষ্ট ২-চাকার পাওয়ার টিলার বা ডিজেল ইঞ্জিন শক্তির উৎস হিসেবে প্রয়োজন।
- এএফপি দিয়ে ফসলে সেচ দিলে পাম্পের মালিক এবং কৃষক উভয়েই লাভবান হবেন!

এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্প ও সেন্ট্রিফিউগাল পাম্পের পার্থক্য

বৈশিষ্ট্য	এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্প	সেন্ট্রিফিউগাল পাম্প
সামর্থ্য	উচ্চ	কম
ঘর্ষণজনিত ক্ষতি	কম	বেশি
পরিচালনা ব্যয়	কম	বেশি
শক্তি প্রেরণ	উচ্চ দক্ষতা	দক্ষতা কম
চালু করার সময়	কম	বেশি
জ্বালানী খরচ	কম	বেশি
পানি উত্তোলন উচ্চতা	৩ মিটার, জ্বালানী দক্ষতা সহ	৩ মিটারের উপরে, কিন্তু জ্বালানী দক্ষতা কম



এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্পের সুবিধা



পরীক্ষা থেকে দেখা গেছে,

- উত্তোলন উচ্চতা ১ মিটার (৩.২৮ ফুট) হলে এক্সিয়েল পাম্পের জ্বালানী দক্ষতা (লিটার প্রতি পানি উত্তোলন) সেন্ট্রিফিউগাল পাম্পের চেয়ে ৫১% বেশি,
- লিফট ২ মিটার (৬.৫৬ ফুট) হলে ২১% বেশি,
- আর লিফট ৩ মিটার (৯.৮০ ফুট) হলে পানি বেশি উঠবে কিন্তু জ্বালানী বেশি লাগবে।

তবে মিক্সড ফ্লো পাম্পের জ্বালানী দক্ষতা আরও বেশি উত্তোলন উচ্চতায় কার্যকর থাকে। এটা এখনও পরীক্ষাধীন আছে, তবে আশা করা যায় অদূর ভবিষ্যতে অধিক জ্বালানী দক্ষতা সম্বলিত মিক্সড ফ্লো পাম্প পাওয়া যাবে।

প্রশিক্ষণটি উপভোগ করুন!

- কোন বিষয়ে প্রশ্ন করতে বা কোন বিষয়ে আপনার জ্ঞান থাকলে তা জানাতে বিন্দুমাত্র সংকোচ বোধ করবেন না।
- এক্সিয়েল/মিক্সড ফ্লো পাম্প চালিয়ে পরীক্ষা পুটে সেচ প্রদান করার সুযোগ এবং সময় নিশ্চিত করুন।

প্রশিক্ষণ উপভোগ করুন!

